

উপজেলা পরিষদের আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব গোলাম জিলানী আফিন্দী
সভাপতি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

সভার তারিখ : ০৮/০৯/২০২১; সময় : সকাল ১০.০০ ঘঃ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য (কপি সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে উপজেলা পরিষদের আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি আলোচনা শুরু করার জন্য সদস্যবৃন্দকে আহ্বান জানান।

১। সভায় উপস্থিত অফিসার ই-চার্জ জামালগঞ্জ থানা জানান, জামালগঞ্জ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক। চলমান রাজনৈতিক পরিস্থিতি ও জনজীবন সম্পূর্ণ স্বাভাবিক। অপরাধ তথ্য অনুযায়ী পূর্বের যেকোন সময়ের তুলনায় আইন-শৃংখলা পরিস্থিতি ভাল। এই ধারাবাহিকতা বজায় রাখার কাজে আন্তরিকভাবে কাজ করা হচ্ছে।

২। সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, ভূমি ব্যবস্থাপনা ডিজিটাল হচ্ছে। বর্তমানে ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর প্রদানসহ বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে ভূমি মালিকগণ ঘরে বসে সেবা গ্রহণ করতে পাচ্ছে। প্রযুক্তি বিষয়ে সাধারণ জনগণের ধারণা প্রদানের লক্ষ্যে ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের আয়োজনের প্রস্তাব করেন।

এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের কর্মশালায় বাস্তবায়নের জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) খাত হতে ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ কর্মশালায় বাস্তবায়নে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে উপজেলা পরিষদ সভার চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(গোলাম জিলানী আফিন্দী)

সভাপতি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

তারিখঃ ০৮/০৯/২০২১

স্মারক নং-৪৬.৪৬৯০৫০.০০০.০৬.০০২.২০-৮৩(৩০)

অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা অফিসার (সকল), জামালগঞ্জ।
- ৬। চেয়ারম্যান,ইউপি (সকল), জামালগঞ্জ।






ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

উপজেলা পরিষদ আইন শৃংখলা কমিটির সভার হাজিরা
সভার তারিখ : ০৮/০৯/২০২১ খ্রিঃ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়
সভার সময় : ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব কাজল চন্দ্র তালুকদার চেয়ারম্যান, ফেনারবাঁক ইউপি।	সদস্য	
০২	জনাব মাসুক মিয়া চেয়ারম্যান, সাচনা বাজার ইউপি	সদস্য	
০৩	জনাব মোঃ আখতারুজ্জামান তালুকদার চেয়ারম্যান ভীমখালী ইউপি	সদস্য	
০৪	অফিসার ইন-চার্জ, জামালগঞ্জ থানা।	সদস্য সচিব	